অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/4/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এম্পায়ার 1 এবং সানরাইজ উইন্ডের জন্য নতুন চুক্তির চূড়ান্তকরণ ঘোষণা করলেন

2026 সালে সচল হওয়ার পর অফশোর বায়ু প্রকল্পসমূহ 35 বছর ধরে নিউ ইয়র্ক স্টেটের জন্য বৃহত্তম শক্তি উৎপাদনকারী প্রকল্প হবে

2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুর জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্য অর্জনের জন্য অগ্রগতি সমর্থন করে

গভর্নর হোকল আজকে নিউ ইয়র্কের চতুর্থ অফশোর বায়ু আবেদন প্রক্রিয়ার ফলাফল হিসেবে একটি পরিকল্পিত 810 মেগাওয়াট প্রকল্প (ইকুইনরের (Equinor) নির্মিত) এম্পায়ার উইন্ড 1 (Empire Wind 1), এবং একটি পরিকল্পিত 924 মেগাওয়াট প্রকল্প (ওরস্টেড (Ørsted) এবং এভারসোর্স (Eversource) নির্মিত) সানরাইজ উইন্ডের (Sunrise Wind) জন্য নতুন চুক্তি চূড়ান্তকরণ ঘোষণা করলেন। মোট 1,700 এর বেশি মেগাওয়াটের দুইটি অফশোর বায়ু প্রকল্প এক মিলিয়নের বেশি নিউ ইয়র্ক বাসার বিদ্যুতায়নের জন্য যথেষ্ট পরিচ্ছন্ন শক্তি উৎপন্ন করবে এবং 2026 সালে সচল হওয়ার পর 35 বছরের বেশি সময় ধরে নিউ ইয়র্ক স্টেটের বৃহত্তম শক্তি উৎপাদনকারী প্রকল্প হয়ে থাকবে। আজকের ঘোষণাটি হলো বিকাশমান বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি শিল্পখাতকে সমর্থন করতে নিউ ইয়র্কের 10 পয়েন্ট কর্মপরিকল্পনার অংশ, এবং এটি 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ু শক্তি উৎপন্ন করার জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) (জলবায়ু আইন) লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অগ্রগতির প্রতিনিধিত্ব করে।

"পরিচ্ছন্ন শক্তি শিল্পখাত গঠনে, ভালো বেতনের চাকরি তৈরিতে, এবং আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনের ক্ষেত্রে নিউ ইয়র্ক দেশের শীর্ষে আছে," **গভর্নর হোকল বলেন।** "অফশোর বায়ু হলো জলবায়ু সঙ্কট মোকাবেলায় আমাদের পরিচ্ছন্ন শক্তি নীলনকশার একটি অতি গুরুত্বপূর্ণ অংশ, এবং আমাদের বিনিয়োগ একটি স্বাস্থ্যকর, টেকসই নিউ ইয়র্ক গঠন করছে যাতে ভবিষ্যৎ প্রজন্মসমূহ সমৃদ্ধি করতে পারে।"

প্রতিযোগিতামূলকভাবে বাছাইকৃত প্রকল্পসমূহ 800 এর বেশি অদূর ভবিষ্যতের, পরিবার টিকিয়ে রাখার মতো নির্মাণ চাকরি তৈরি করবে, এবং স্টেটব্যাপী অর্থনৈতিক বিকাশ উন্নত করার জন্য 2 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যার মধ্যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের সমর্থনের জন্য নির্মাতা প্রতিশ্রুত বিনিয়োগ থাকবে। প্রকল্পের চুক্তির অন্তর্গত দায়বদ্ধতা ছাড়াও, এম্পায়ার উইন্ড

1 এবং সানরাইজ উইন্ড প্রকল্পের 25 বছরের বেশি জীবনকাল ধরে স্টেটব্যাপী আরো 6 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক লাভ নিয়ে আসবে বলে আশা করা যাচ্ছে।

নিউ ইয়র্ক শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "পঁয়ত্রিশ বছরের বেশি সময় ধরে স্টেটের বৃহত্তম শক্তি উৎপাদন প্রকল্প হিসেবে এই ল্যান্ডমার্ক প্রকল্পসমূহের নির্মাণ হয়ে গেলে তা একটি পরিচ্ছন্ন শক্তি অর্থনীতিতে নিউ ইয়র্কের স্থানান্তরের একটি ঐতিহাসিক মাইলফলক হয়ে উঠবে। নিঃসরণমুখ গ্রিড অর্জন করা হলে তা উল্লেখযোগ্য অর্থনৈতিক এবং জনস্বাস্থ্য সুবিধা প্রদান করবে এবং একই সাথে সকল নিউ ইয়র্কবাসীর জন্য নির্ভরযোগ্যতা নিয়ে আসবে।"

পরিণত প্রকল্প হিসেবে, নিউ ইয়র্কের উপকূলের 15 মাইল দূরে অবস্থিত এম্পায়ার উইন্ড ।, এবং লং আইল্যান্ডের ইস্টার্ন পয়েন্ট থেকে 30 মাইলের বেশি পূর্বে অবস্থিত সানরাইজ উইন্ড ইতিমধ্যে অধিকাংশ ফেডারেল এবং স্টেটের অনুমতির মাইলফলক সম্পূর্ণ করেছে। নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রিডের সাথে বায়ু ফার্মের সংযোগ সমর্থন করার জন্য সানরাইজ উইন্ড প্রকল্পের সম্পর্কিত অনশোর নির্মাণ ভালভাবে চলছে, এটি 2022 সালের নভেম্বর মাসে এর প্রস্তাবিত লং আইল্যান্ডে অনশোর কেবল রুটের জন্য অনুমোদন পেয়েছে। এম্পায়ার উইন্ড 1 গত মাসে একটি অতি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে যখন নিউ ইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিস কমিশন (New York State Public Service Commission) নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রিডের সাথে সংযুক্ত হওয়ার জন্য প্রকল্পের পরিকল্পনাকে অনুমোদন প্রদান করে। সাউথ ব্রুকলিন মেরিন টার্মিনালকে (South Brooklyn Marine Terminal) প্রকল্পের নির্মাতা ইকুইনরের জন্য একটি অত্যাধুনিক স্টেজিং এবং অ্যাসেম্বলি পোর্ট এবং দীর্ঘমেয়াদি অপারেশন এবং রক্ষণাবেক্ষণ কেন্দ্রে রূপান্তরিত করার কাজ চলছে।

ইকুইনর রিনিউয়েবলস আমেরিকাসের (Equinor Renewables Americas) প্রেসিডেন্ট মলি মরিস বলেন, "অফশোর বায়ুর প্রতি গভর্নর হোকল এবং NYSERDA এর দীর্ঘমেয়াদি নেতৃত্ব এবং প্রতিশ্রুতির জন্য আমরা তাদের প্রশংসা করছি। আজকের ঘোষণাটি এম্পায়ার উইন্ড 1 এর জন্য আসন্ন দারুণ সব উন্নয়নের সংকেত প্রদান করছে। সাউথ ব্রুকলিন মেরিন টার্মিনালের রূপান্তরের কাজ ইতিমধ্যে চলছে, নতুন ইউনিয়ন চাকরি তৈরি করছে এবং নিউ ইয়র্ককে এমন একটি শিল্পখাতের কেন্দ্রে স্থাপন করছে যা আগামী বহু দশকে নবায়নযোগ্য শক্তির একটি অতি গুরুত্বপূর্ণ উৎস প্রদান করবে।"

ওরস্টেড গ্রুপের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড হার্ডি বলেন, "নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন নির্ভরযোগ্য শক্তি প্রদান করা সানরাইজ উইন্ড হবে আমেরিকার পরিচ্ছন্ন শক্তির রূপান্তরের একটি কেন্দ্রীয় অংশ, এবং কাজ শেষ হওয়ার পর যা দেশের বৃহত্তম অফশোর বায়ুর প্রকল্প হয়ে উঠবে তা অগ্রসর করতে পেরে আমরা অত্যন্ত গর্বিত। নিউ ইয়র্ক ইতিমধ্যেই আমাদের সাউথ ফর্ক উইন্ড (South Fork Wind) প্রকল্প দ্বারা দেশের প্রথম ইউটিলিটি মাত্রার বায়ু ফার্মকে স্থান দিয়েছে। এখন, গভর্নর হোকলের নেতৃত্ব, NYSERDA, এবং সম্পূর্ণ প্রশাসনের কারণে আমরা সানরাইজ উইন্ডের মাধ্যমে আরো বেশি চাকরি, অর্থনৈতিক লাভ, এবং পরিচ্ছন্ন শক্তি প্রদান করার মাধ্যমে সেই লিগেসিকে অগ্রসর করতে প্রস্তুত হয়েছি।"

এভারসোর্স এনার্জির চেয়ারম্যান, প্রেসিডেন্ট, এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জো নোলান বলেন, "আজকের ঘোষণাটি সানরাইজ উইন্ডের পরবর্তী অধ্যায় শুরু করছে, আমেরিকার বৃহত্তম অফশোর বায়ু ফার্মকে বাস্তব হওয়ার আরেক ধাপ কাছে নিয়ে যাচ্ছে। নিউ ইয়র্কের অর্থনীতিতে সানরাইজ উইন্ড একটি রূপান্তরমূলক প্রভাব রাখবে, এবং শুধু অনশোর নির্মাণকাজের ক্ষেত্রেই 200 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ এবং 400টি নতুন স্থানীয় ইউনিয়ন চাকরির সুযোগ রয়েছে। ল্যান্ডমার্ক এই প্রকল্পকে সমর্থন করার জন্য গভর্নর হোকল এবং সকল ফেডারেল, স্টেট, এবং স্থানীয় নেতৃবৃন্দের প্রতি আমরা কৃতজ্ঞ। অগ্রসর হওয়ার সাথে সাথে সানরাইজ উইন্ড আরো কয়েকশত চাকরি তৈরি করা এবং আরো বহু মিলিয়ন মার্কিন ডলার স্থানীয় বিনিয়োগ নিয়ে আসা অব্যাহত রাখবে, পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি নিউ ইয়র্কের জাতীয় নেতৃত্ব পাকাপোক্ত করবে।"

এম্পায়ার উইন্ড 1 এবং সানরাইজ উইন্ড পূর্বে 2019 সালে NYSERDA এর প্রথম অফশোর বায়ু আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে NYSERDA থেকে অর্থ পায়, এবং 2023 সালে পুনরায় অর্থ পায়। নতুন চুক্তির অংশ হিসেবে প্রকল্পগুলিকে নতুন প্রবিধানের আওতায় গণ্য করা হবে যা স্টেটের জন্য অতিরিক্ত লাভ নিয়ে আসবে, যেমন:

- মূল চুক্তির বেশি নতুন অর্থনৈতিক লাভের প্রতিশ্রুতি, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্কের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে সম্প্রদায়কেন্দ্রিক বিনিয়োগের জন্য 32 মিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতি এবং বন্যপ্রাণী এবং মৎসসম্পদ নজরদারির জন্য 16.5 মিলিয়ন মার্কিন ডলার।
- মার্কিন যুক্তরাষ্ট্রের প্রস্তুতকরণ এবং নিউ ইয়র্ক বাই আমেরিকান আইনের (New York Buy American Act) সমর্থন করার জন্য সর্বনিম্ন 188 মিলিয়ন মার্কিন ডলার মার্কিন যুক্তরাষ্ট্রের লোহা ও স্টিল ক্রয় করার প্রতিশ্রুতি।
- কর্মকাণ্ড এবং রক্ষণাবেক্ষণ সেবার জন্য শ্রম শান্তি চুক্তির (Labor Peace Agreements) আবশ্যিকতা।

আজকের ঘোষণাটির ফলে প্রকল্পগুলি এখন অদূর ভবিষ্যতে প্রকল্পের কাজ শেষ করার পথে অবস্থান করছে, প্রতিযোগিতামূলক মূল্যের হারে নিউ ইয়র্ক স্টেটে স্থানীয় বিনিয়োগ এবং উন্নত অর্থনৈতিক লাভ নিয়ে আসছে। প্রদত্ত এই অর্থের অধীনে এইসব প্রকল্পের জীবনকালজুড়ে আবাসিক গ্রাহকদের জন্য গড় বিলের প্রভাব হবে আনুমানিক দুই শতাংশ, বা মাসিক প্রায় 2.09 মার্কিন ডলার। চুক্তির জীবনকালজুড়ে চুক্তিবদ্ধ অফশোর বায়ু প্রকল্পের সম্পূর্ণ নির্মাণ ব্যয়ের ওজনযুক্ত গড় হলো প্রতি মেগাওয়াট-ঘণ্টার জন্য 150.15 মার্কিন ডলার যা সর্বশেষ বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ।

এম্পায়ার উইন্ড 1 এবং সানরাইজ উইন্ডের সাথে NYSERDA এর নতুন চুক্তি NYSERDA এর ওয়েবসাইটে উপলভ্য আছে।

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে অফশোর বায়ু অতি গুরুত্বপূর্ণ। আজকের ঘোষণাটি আমাদের স্টেটকে স্টেটের নবায়নযোগ্য এবং পরিচ্ছন্ন শক্তি খয়ের কাছাকাছি নিয়ে আসে এবং একই

সাথে নিশ্চিত করে যাতে অত্যন্ত দক্ষ ইউনিয়ন কর্মীবাহিনী এই কাজটি করতে পারে। ইউনিয়ন চুক্তির সুবিধা ও সুরক্ষাসহ পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করবে এমন একটি পরিচ্ছন্ন শক্তি অর্থনীতির প্রতি গভর্নর হোকল এবং NYSERDA এর প্রতিশ্রুতির জন্য আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেডসের (New York State Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্য অর্জনের কাজ অব্যাহত রেখেছে, তাই এম্পায়ার উইন্ড 1 এবং সানরাইজ উইন্ডের মতো অফশোর বায়ু প্রকল্প অগ্রসর করা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ, এগুলি আমাদের পরিচ্ছন্ন শক্তি অবকাঠামোকে বলীয়ান করবে এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর জন্য কয়েক হাজার ভালো বেতনের ইউনিয়ন ক্যারিয়ার তৈরি করবে। লং আইল্যান্ডের উপকূলে এবং ব্রুকলিনে এইসব উদ্যোগকে অগ্রসর করার জন্য আমরা গভর্নর হোকল এবং NYSERDA এর প্রশংসা করছি, এগুলি আমাদেরকে আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনের দিকে অগ্রসর করবে, একটি নতুন সবুজ অর্থনীতির সূচনায় সাহায্য করবে, এবং আমাদের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে উত্থিত করবে। এইসব অতি গুরুত্বপূর্ণ প্রকল্পকে অগ্রসর করার ক্ষেত্রে ভূমিকা রাখার জন্য এবং পরিবার টিকিয়ে রাখার মতো ক্যারিয়ারের সন্ধান ও তার ফলে সৃষ্ট মধ্যবিত্ত শ্রেণীতে প্রবেশের পথ পাওয়ার জন্য আমাদের ট্রেডসম্যান ও ট্রেডসউইমেন উন্মুখ।"

লং আইল্যান্ড লেবার ফাউন্ডেশনের (Long Island Federation of Labor) AFL-CIO প্রেসিডেন্ট জন ডুর্সো বলেন, "এইসব প্রকল্পের অগ্রগতি হলো ইতিবাচক প্রভাব যে আমরা জলবায়ু সঙ্কটের সমাধান করতে পারবো এবং সেই প্রক্রিয়ায় ভালো ইউনিয়ন চাকরি তৈরি করতে পারবো। আমরা উভয় ক্ষেত্রে অগ্রগতি করা অব্যাহত রেখেছি এবং নিউ ওয়ার্ক স্টেট, অফশোর বায়ু শিল্পখাত, এবং ভালো পরিবার টিকিয়ে রাখার মতো বেতনসহ উজ্জ্বলতর ভবিষ্যতে আগ্রহী অন্য সকল স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

নাসাউ ও সাফোক কাউন্টি বিল্ডিং ও কন্সট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট ম্যাথু আরাচিচ বলেন, "গভর্নর হোকলকে নিয়ে আমি অত্যন্ত গর্বিত এবং এইসব শিল্পখাতের সংজ্ঞা স্থাপন করে দিতে যাওয়া প্রকল্পের অগ্রগতিতে পরবর্তী ধাপ দেখার জন্য আমি উৎসুক।এই দুইটি বৃহৎ প্রকল্প শুধু আমাদের অঞ্চলকে আরো পরিবেশগত যাবে বলীয়ান করতে কাজ করবে না, বরং এছাড়াও এর নির্মাণে ৪00টি পরিবার টিকিয়ে রাখার মতো বিল্ডিং ট্রেডস চাকরি তৈরি করবে।অফশোর বায়ু শিল্পখাতের প্রদত্ত সুযোগ হলো আগামী বহু বছর ধরে শিক্ষানবিশি সুযোগের ক্ষেত্রে আমাদের পথ উন্মোচন করার জন্য বিল্ডিং ট্রেডসের প্রতি আরেকটি সংকেত; এই পাইপলাইনের ফলে স্থানীয় বাসিন্দাদেরকে মধ্যবিত্ত শ্রেণীর অংশ হয়ে উঠার জন্য একটি দ্রুত পথ প্রদান করে। এইসব প্রকল্পের দীর্ঘস্থায়ী প্রভাব বলে শেষ করা যাবে না, অর্থনৈতিক লাভের পাশাপাশি এগুলি আগামী বহু প্রজন্মের জন্য পরিবেশ সংক্রান্ত রক্ষণাবেক্ষণের জন্য একটি অগ্রগামী ধাপের প্রতিনিধিত্ব করে।"

নিউ ইয়র্ক অফশোর বায়ু জোটের (New York Offshore Wind Alliance) পরিচালক ফ্রেড জ্যাল্কম্যান বলেন, "এইসব অগ্রসর পর্যায়ের অফশোর বায়ু প্রকল্পের সমর্থনে চুক্তি স্বাক্ষর করা হলো জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা, একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির পালন

করা, এবং পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি প্রদান করার ব্যাপারে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে পুনরায় নিশ্চিতকরণের জন্য গুরুত্বপূর্ণ। সানরাইজ উইন্ড এবং এম্পায়ার উইন্ড। হলো পথিকৃৎ প্রকল্প যা তারা যেই স্থানীয় সম্প্রদায়সমূহের কার্যক্রম পরিচালনা করছে তাদের জন্য, এবং স্টেটের সম্পূর্ণ অর্থনীতির জন্য বাস্তব লাভ নিয়ে আসবে, এবং এইসব অতি গুরুত্বপূর্ণ পরিচ্ছন্ন শক্তি সংস্থানকে বাজারে নিয়ে আসতে হোকল প্রশাসনের অধ্যবসায়ের জন্য তাদের অসাধারণ কৃতিত্ব পাওয়া উচিত।"

সিটিজেন্স ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment, CCE) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন, "এই দুইটি চুক্তির কাজ শেষ হওয়ার ফলে নিউ ইয়র্ক অফশোর বায়ুর একটি উজ্জ্বল জাতীয় নেতা হিসেবে নিশ্চিত হয়েছে। প্রত্যেক সূর্যোদয়ের সাতে নিউ ইয়র্ক পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তিকে অগ্রসর করছে এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করছে। সানরাইজ উইন্ড এবং এম্পায়ার উইন্ড আমাদের ভবিষ্যতের পথ পরিবর্তন করে দিচ্ছে এবং তারা স্থানীয় চাকরি, পরিচ্ছন্নতর বায়ু এবং আরো স্বাস্থ্যকর সম্প্রদায় প্রদান করবে। নিউ ইয়র্ককে আমাদের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের দিকে ধাবমান রাখতে গভর্নর হোকলের নেতৃত্ব এবং NYSERDA দলের দৃঢ় প্রতিশ্রুতির জন্য আমরা আনন্দিত ও কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার

বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন